# বিসিএস প্রশাসন একাডেমির সাম্প্রতিক কর্মকান্ড

**বিসিএস প্রশাসন একাডেমির সাম্প্রতিক সময়ের উল্লেখযোগ্য কর্মকান্ডের বিবরণ**

০১। **মাননীয় প্রধানমন্ত্রীর আগমন:** ১৫ মে ২০২৩ ১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্সের সমাপণী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিসিএস প্রশাসন ক্যাডারের ১১৪ জন নবীন কর্মকর্তাদের মাঝে সনদ বিতরণ করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি।

০২। **দেশের প্রথম ভিশন ওয়াল 'আমার বাংলা':** ভিশন ২০২১ এবং ২০৪১ অর্জনে কর্মকর্তাদের উদ্বুদ্ধ ও উজ্জীবিত করার লক্ষ্যে টেরাকোটায় নির্মিত ভিশন ওয়াল 'আমার বাংলা' (২৮'-৪" × ১১'-৬") বিসিএস প্রশাসন একাডেমি প্রাঙ্গণে স্থাপিত হয়েছে যা মাননীয় প্রধানমন্ত্রী ২১ ডিসেম্বর ২০১৭ সদয় উন্মোচন করেছেন। এ ভিশন ওয়াল 'আমার বাংলা' এর কপিরাইট সংরক্ষিত।

০৩। **ভবন সম্প্রসারণ:** প্রকল্পের অধীনে একাডেমির প্রথম বহুতল ভবনকে ৯ তলা হতে ১৫ তলায় উন্নীত করা হয়েছে। এতে প্রশিক্ষণের সেশন পরিচালনা সংক্রান্ত ও আবাসিক ভৌত সুবিধাদি বহুলাংশে বৃদ্ধি পেয়েছে।

০৪। **বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে চুক্তি স্বাক্ষর:** একাডেমির বিভিন্ন কোর্সের কারিকুলাম হালনাগাদ করার জন্য অস্ট্রেলিয়ার Macquaire University'র সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রথমবারের মতো একাডেমির আইন ও প্রশাসন কোর্সের মোট ৩৬ জন প্রশিক্ষণার্থীর বিশ্বের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স করার সুযোগ সৃষ্টি করা হয়েছে।

০৫। **জিমনেশিয়াম ও বিনোদন কক্ষ উন্নয়ন:** একাডেমিতে অত্যাধুনিক জিমনেশিয়াম, বিনোদন কক্ষ ও স্নুকার বল রুমে আধুনিক স্নুকার বোর্ড নতুন রূপে সজ্জিত করে উন্মুক্ত করা হয়েছে।

০৬। **কনফারেন্স রুম আধুনিকীকরণ:** কনফারেন্স রুমকে শীতাতপ নিয়ন্ত্রিত এবং মাল্টিমিডিয়া ও ভিডিও কনফারেন্সসহ অন্যান্য সুবিধা বৃদ্ধি করে দেশি বিদেশি উচ্চপদস্থ অতিথিদের সাথে সভা ও মতবিনিময়ের উপযোগী করা হয়েছে।

০৭। **একাডেমিতে বিভিন্ন বিদেশি সংস্থার প্রতিনিধিদের আগমন:** একাডেমিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার মান্যবর হাইকমিশনার এবং কার্টিন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির সাথে যৌথ সভা এবং Macquaire University এর প্রতিনিধির সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া, চীনের হোয়াজহং ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজির প্রতিনিধি ও নেপালের প্রতিনিধির সাথে সভা আয়োজিত হয়।

০৮। **সৃষ্টিশীল অভ্যন্তরীন সজ্জা:** আধুনিক ও সৃষ্টিশীল পরিবেশ নিশ্চতকরণ এবং প্রশিক্ষণের মান উন্নয়নের লক্ষ্যে একাডেমির নতুন ভবনের নিচতলা হতে ৫ম তলা পর্যন্ত মনোরম অভ্যন্তরীণ সজ্জার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০৯। **স্বয়ংক্রিয় কিচেন স্থাপন:** প্রশিক্ষণার্থীদের মানসম্পন্ন ডাইনিং ব্যবস্থাপনার জন্য স্বয়ংক্রিয় আধুনিক কিচেন স্থাপনের কাজ শুরু হয়েছে।

১০। **কিডস কর্ণার:** নিবিড় প্রশিক্ষণ গ্রহণের সুবিধার্থে নারী কর্মকর্তাদের অপ্রাপ্তবয়স্ক সন্তানদের খেলাধুলা ও দেখাশোনা করার জন্য একাডেমিতে কিডস কর্ণার স্থাপন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি ০৬ ডিসেম্বর ২০১৮ তারিখ উক্ত কিডস কর্ণার উদ্বোধন করেন।

১১। **SDG Course:** এসডিজি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রথমবারের মতো SDG Course আয়োজিত হয়েছে এ বছরে (২০২৩ সালে)।

১২। **BUP এর সাথে যৌথ উদ্যোগে মাস্টার্স কোর্স চালু:** একাডেমি এবং BUP এর যৌথ উদ্যোগে (Masters in Public Policy and Management) বিষয়ে মাস্টার্স কোর্স চালুর উদ্যোগ নেয়া হয়েছে।

১৩। **প্রশিক্ষণ কোর্স:** ২০২৩-২৪ অর্থবছরে একাডেমিতে ৭টি কোর্স আয়োজনের মাধ্যমে প্রায় ২৪১ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৪। **বর্ষপঞ্জিকা প্রকাশ:** একাডেমির পক্ষ হতে ২০২৩ সালের জন্য সুদৃশ্য ডেস্ক ক্যালেন্ডার প্রকাশ করা হয়েছে।

১৫। **প্রশিক্ষণ ম্যানুয়াল, প্রশিক্ষণ পঞ্জিকা এবং একাডেমি বার্তা ও জার্নাল প্রকাশ:** একাডেমিতে একটি প্রশিক্ষণ ম্যানুয়াল প্রণীত হয়েছে। এছাড়াও, বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার, ষান্মাসিক একাডেমি বার্তা ও একাডেমি জার্নাল নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে।

১৬। **অতিথি বক্তার আমন্ত্রণ গাইডলাইন:** প্রশিক্ষণ কার্যক্রমে আমন্ত্রিত অতিথি বক্তাদের তালিকা প্রণয়ন ও হালনাগাদের জন্য একটি স্বয়ংসম্পূর্ণ গাইডলাইন প্রণীত হয়েছে।

১৭। **গবেষণা নীতিমালা- ২০২৩ প্রণয়ন:** গবেষণা/প্রায়োগিক গবেষণা কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে এবং প্রশিক্ষণ কার্যক্রমের গুণগত মান উন্নয়নে একটি গবেষণা নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

১৮। **লাইব্রেরি ও স্টোর অটোমেশন:** একাডেমির লাইব্রেরি অটোমেশনের কাজ চলমান রয়েছে। স্টোর অটোমেশনের সফটওয়্যারের কাজ সম্পন্ন হয়েছে এবং বর্তমানে পরীক্ষামূলকভাবে কার্যক্রম চালমান রয়েছে।

১৯। **ট্রেনিং সফটওয়্যার:** প্রশিক্ষণ ব্যবস্থাপনা সম্পূর্ণরূপে digitalized করার লক্ষ্যে ট্রেনিং সফটওয়্যার চালু হয়েছে।

২০। **পিএইচডি কোর্স চালু:** বিদেশি বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথ ব্যবস্থাপনায় off shore পিএইচডি কোর্স চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২১। **প্রশিক্ষণ মূল্যায়ন নীতি:** একাডেমিতে প্রশিক্ষণের গুণগত মান ও উৎকর্ষ সাধনের লক্ষ্যে একটি প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা প্রণীত হয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:** একাডেমিতে নতুন ২৫ তলা ভবন তৈরীর সম্ভাব্যতা যাচাই করা হচ্ছে। এ প্রকল্প বাস্তবায়িত হলে প্রশিক্ষণের বর্ধিত সুবিধাসহ অতিরিক্ত প্রায় ২০০ (দুইশত) এর অধিক কর্মকর্তার আবাসন সুবিধা বৃদ্ধি পাবে। এছাড়া নিম্নোক্ত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছেঃ

- একাডেমিতে একটি International Corner স্থাপন
- আন্ডারগ্রাউন্ড পার্কিং এর ব্যবস্থা
- ইনডোর গেমস কমপ্লেক্স
- অত্যাধুনিক জিমনেসিয়াম, লন্ড্রি ও অন্যান্য সুবিধা
- আধুনিক সুবিধাসহ ৭০০ জনের ধারণক্ষমতা সম্পন্ন অডিটরিয়াম
- ৪০০ জনের ধারণক্ষমতা সম্পন্ন মাল্টিপারপাস সেমিনার হল
- রানিং ট্র্যাক নির্মাণ
- অনলাইন প্রশিক্ষণ কোর্স পরিচালনা
- বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথ মাস্টার্স কোর্স পরিচালনা